# ঢাকাকে বদলাতে প্রয়োজন সমন্বিত উদ্যোগ: মির্জা ফখরুল



বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। ছবি: সংগৃহীত

রাজধানী ঢাকার উন্নয়ন ও নগর ব্যবস্থাপনায় শুধুমাত্র মেয়র বা প্রশাসকের উদ্যোগ যথেষ্ট নয় বলে মন্তব্য করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, ওয়াসা, বিদ্যুৎ বিভাগ, রাজউকসহ সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের সমন্বিত সিদ্ধান্ত ও কার্যক্রম ছাড়া ঢাকাকে দ্রুত পরিবর্তন করা সম্ভব নয়।

বুধবার (১৫ জুলাই) সকালে রাজধানীর গুলশানে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) সম্মেলন কক্ষে অনুষ্ঠিত 'নগরের বর্জ্য ব্যবস্থাপনা' শীর্ষক এক সেমিনারে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, বর্ষা মৌসুমে রাজধানীতে সড়ক খোঁড়াখুঁড়ির প্রবণতা বেড়ে যায়। এর পেছনে অন্যতম কারণ হলো, এ সময় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অর্থ ছাড় ও কাজ বাস্তবায়নের গতি বৃদ্ধি পায়। তিনি উল্লেখ করেন, নগর ব্যবস্থাপনাকে আরও কার্যকর করতে সিটি করপোরেশনকে অধিক সক্ষম ও স্বয়ংসম্পূর্ণ প্রতিষ্ঠানে পরিণত করা প্রয়োজন।

তিনি আরও বলেন, পরিচ্ছন্ন ও বাসযোগ্য নগর গড়ে তুলতে নাগরিকদেরও দায়িত্বশীল ভূমিকা রাখতে হবে। নিজেদের আশপাশের পরিবেশ ও সড়ক পরিষ্কার রাখার অভ্যাস গড়ে না উঠলে বর্জ্য ব্যবস্থাপনায় কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব নয়।

মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনাকে এখনও দুর্বল উল্লেখ করে মির্জা ফখরুল বলেন, বুড়িগঙ্গা ও তুরাগ নদীকে দূষণমুক্ত রাখতে কার্যকর পদক্ষেপ গ্রহণ জরুরি।

সেমিনারে রাজউকের চেয়ারম্যান মো. রিয়াজুল ইসলাম বলেন, রাজধানীর টেকসই উন্নয়ন ও কার্যকর বর্জ্য ব্যবস্থাপনার জন্য সংশ্লিষ্ট সব সংস্থার মধ্যে আরও শক্তিশালী সমন্বয় প্রয়োজন।